



স্মারক নং-চাপ্রপ্রবি/পশাশিকে/২০২৬/১০

তারিখ: ২১/০১/২০২৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২২/০১/২০২৬ খ্রিঃ রোজ বৃহস্পতি বার বিকেল ০৩.৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের শহিদ শাকিল পারভেজ অডিটোরিয়াম এর সম্মুখ মাঠে আন্তঃহল ভলিবল টুর্নামেন্ট-২০২৬ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করছেন অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন, মাননীয় ভাইস-চ্যান্সেলর, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অধ্যাপক ড. মোঃ আরেফিন কাওসার, মাননীয় প্রো-ভাইস-চ্যান্সেলর ও অধ্যাপক ড. উৎপল কুমার দাস, পরিচালক (ছাত্রকল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলাম, পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র)।

আন্তঃহল ভলিবল টুর্নামেন্ট-২০২৬ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলাম)  
পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র)  
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

স্মারক নং-চাপ্রপ্রবি/পশাশিকে/২০২৬/১০

তারিখঃ ২১/০১/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। পি এস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। এ পি এস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। রেজিস্ট্রার।
- ৪। সকল বিভাগীয় প্রধান।
- ৫। পরিচালক (ছাত্রকল্যাণ)।
- ৬। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৭। সহযোগী পরিচালকবৃন্দ (ছাত্রকল্যাণ)।
- ৮। সকল প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট।
- ৯। অফিস প্রধান, মেডিকেল সেন্টার (খেলা চলাকালীন সময়ে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ১০। প্রধান প্রকৌশলী, প্রকৌশল শাখা (খেলা চলাকালীন সময়ে মাইক ও প্রয়োজনীয় লোকবল এর ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ১১। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দপ্তর (ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের ছবি উঠানো ও প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ১২। সংরক্ষণ নথি।

(মোঃ আল মাসুদ খান)  
ফিজিক্যাল ইন্সট্রাক্টর  
শারীরিক শিক্ষা কেন্দ্র  
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর